



প্রেস রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে অফিস সময় পুনঃনির্ধারণ

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২৪ আগস্ট ২০২২ খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে অফিস সময় পুনঃনির্ধারণ করা হয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সিদ্ধান্তের সাথে সঙ্গতি রেখে বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগ ও অফিস সময় সকাল ৮ টা থেকে বিকাল ৩টা পর্যন্ত করার সিদ্ধান্ত হয়েছে। গত ২৩ আগস্ট ২০২২ তারিখ বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিনের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগীয় প্রধান ও অফিস প্রধানদের এক জরুরী সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। এছাড়াও বিভাগসমূহে চলমান একাডেমিক কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার স্বার্থে বর্তমান রুটিনে প্রদত্ত বিকাল ৩ টার পরের ক্লাশসমূহ শিক্ষকদের নিজস্ব ব্যবস্থাপনায় অনলাইনে সম্পন্ন হবে। কেন্দ্রীয় লাইব্রেরি খোলা থাকবে সকাল ৮ টা থেকে রাত ৯ টা পর্যন্ত। নতুন অফিসসূচির সাথে সঙ্গতি রেখে বিভাগের একাডেমিক পরীক্ষাসমূহের ১ম শিফট হবে সকাল ৮:৩০ টা থেকে বেলা ১১:৩০ টা পর্যন্ত এবং ২য় শিফট হবে দুপুর ১২ টা থেকে বিকাল ৩:০০ টা পর্যন্ত। এই সময়সূচি আগামী ২৮ আগস্ট ২০২২ তারিখ রবিবার থেকে কার্যকর হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

জনসংযোগ অফিস
বরিশাল বিশ্ববিদ্যালয়